গাংনীতে আল হেরা ফাউন্ডেশনের উদ্যোগে দুস্থ্যদের মধ্যে কম্বল বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রফেসর মোঃ জাহিদুর রহমান নিজ অর্থায়নে গরীব দুস্থদের মধ্যে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করেছেন।

আল হেরা ফাউন্ডেশনের পরিচালক প্রফেসর মোঃ জাহিদুর রহমান গাংনী উপজেলার নওপাড়া, ভাটপাড়া, ধলা, মাইলমারী, কালিগাংনীসহ বিভিন্ন গ্রামের প্রায় সহস্রাধিক কম্বল বিতরণ করেন। কম্বল বিতরণকালে এলাকার গণ্যমান্য ব্যাক্তি উপস্থিত ছিলেন।

জাহিদুর রহমান গাংনী উপজেলার নওপাড়া গ্রামের হাজী আব্দুর রহিমের ছেলে।

কম্বল বিতরণ অনুষ্ঠানে জাহিদুর রহমান বলেন, আমার এলাকার কোনো শিক্ষার্থী যদি অর্থাভাবে পড়ালেখা করতে পারছেনা, আমার কাছে সহযোগীতা চাইলে আমি তার দায়িত্ব নেব। কোনো মানুষ যদি অসুস্থ হয়ে চিকিৎসা চালাতে না পারে, তাদের সব ধরনের সহযোগীতা করবো। সুখে-দুঃখে আমার এলাকার মানুষের পাশে থেকে সেবা করতে চাই। শেষে তিনি সকলকে নামাজের জন্য আহ্বান জানান। কম্বল পেয়ে অনেক খুশি অসহায় শীতে কাতর সকলে।

ঝিনাইদহে জেলা প্রশাসনের

উদ্যোগে শীতার্তদের মাঝে

কম্বল বিতরণ

শীতার্ত ও অসহায় মানুষের পাশে দাঁড়াতে ঝিনাইদহ জেলা প্রশাসনের উদ্যোগে নিম্ন আয়ের মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

শনিবার (২৭ ডিসেম্বর) সকালে ঝিনাইদহ সমাজসেবা অফিস প্রাঙ্গণ, পৌরসভার সামনে, পৌর গোরস্থান এলাকা ও রেড ক্রিসেন্টসহ জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পটে এ কম্বল বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়। এ সময় প্রতিবন্ধী, বৃদ্ধা, স্বামী পরিত্যক্তা নারীসহ সমাজের বিভিন্ন শ্রেণির অসহায় ও দুস্থ মানুষকে শীতবস্ত্র হিসেবে কম্বল প্রদান করা হয়।

সেসময় জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ, স্থানীয়র সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাইফুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুবীর কুমার দাশ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, জেলা প্রেসক্লাবের সভাপতি মিজানুর রহমান, রিপোটার্স ইউনিটির সভাপতি এম এ কবিরসহ সমাজসেবা অধিদপ্তর, পৌরসভা ও সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন। শীতের তীব্রতা বাড়ার সঙ্গে সঙ্গে যেন কোনো মানুষ কষ্ট না পায় এ লক্ষ্যেই এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানানো হয়।

উপকারভোগীরা জেলা প্রশাসনের এই মানবিক উদ্যোগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ভবিষ্যতেও এ ধরনের সহায়তা অব্যাহত রাখার দাবি জানান।

ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতে কাপছে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের মানুষ। তীব্র এই শীতে সমাজের নিম্ন আয়ের মানুষকে একটু উষ্ণতা দিতে ঝিনাইদহে ৫’শতাধিক কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার রাতে এ কম্বল বিতরণের আয়োজন করে ঝিনাইদহ পৌরসভার ৪ নং ওয়ার্ড বিএনপি। সোমবার রাতে স্বেচ্ছাসেবক দলের অন্যতম নেতা আজিজুল ইসলাম লিটনের সৌজন্যে শহরের হামদহ ট্যাংকিপাড়ায় এ কম্বল বিতরণ করা হয়। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কম্বল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ

মজিদ।

অনুষ্ঠান সার্বিক পরিচালনা করেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু। সেসময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি এনামুল কবির মুকুল, যুগ্ম সাধারণ সম্পাদক এম শাহজাহান আলী, আসিফ ইকবাল মাখন, কোষাধ্যক্ষ জুলফিকার হোসেন, সহ-দপ্তর সম্পাদক সাকিব আহমেদ বাপ্পি, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান শেখর, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি রুহুল আমিন পিকুলসহ অন্যান্যরা।

এসময় শহরের ৪ নং ওয়ার্ড এর ৫’শাতধিক অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীতে কম্বল পেয়ে অসহায় হতদরিদ্র মানুষেরা সন্তুষ্টি প্রকাশ করেন। পরে প্রধান অতিথি জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদের হজ¦ পালনের জন্য দোয়া ও মোনাজাত করা হয়। অনুষ্ঠান শেষে নৈশ ভোজের আয়োজন করা হয়।

জীবননগরে দুস্থদের মাঝে কম্বল বিতরণ

জীবননগরে অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার সময় সেচ্ছাসেবী সংগঠন বন্ধু ফাউন্ডেশন, ইয়ুথ এ্যাসেম্বলী ও যুব ফোরামের যৌথ উদ্যোগে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের হরিহরনগর গ্রামে এ কম্বল বিতরণ করা হয়।

হহিরনগর যুব ফোরামের সভাপতি মনির হোসেন সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দরিদ্র মানুষের বাড়িতে গিয়ে কম্বল পৌছে দেন ইয়ুথ এ্যাসেম্বলী জীবননগর শাখার সভাপতি মিঠুন মাহমুদ।

এ সময় উপস্থিত ছিলেন ইয়ুথ এ্যাসেম্বলীর সমন্বয়কারী আশাদুজ্জামান লিটন, জীবননগর বন্ধু ফাউন্ডেশনের সহ-সভাপতি মফিজুল ইসলাম, ইয়ুথ এ্যাসেম্বলীর সাংগাঠনিক সম্পাদক তুহিন, যুব ফোরামের সদস্য শাওন,

রুহুল, সাহেব, সোহাগ, বিল্লাল, শরিফুল প্রমুখ। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সাধারন সম্পাদক রুবেল হোসেন।

দামুড়হুদায় বাঁশ-বেত শিল্পীদের মাঝে কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় বিলুপ্ত প্রায় বাঁশ-বেত শিল্পীদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এই কম্বল বিতরণ করেন।

কার্পাসডাঙ্গা বাঁশ-বেত শিল্পীরা জানান, বুধবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান তাদের অজান্তে হঠাৎ তাদের মহল্লায় উপস্থিত হয়। তারা উপজেলা নির্বাহী অফিসারের গাড়ি দেখে এগিয়ে গেলে উপজেলা নির্বাহী অফিসার তাদের কম্বল দেওয়া হবে বলে জানায়।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার বাড়ী বাড়ী গিয়ে প্রত্যেক পরিবার ও তাদের আশেপাশের দুস্থ অসহায় নারীদের হতে কম্বল তুলে দেন। এই প্রথম বারের মত প্রচণ্ড শীতে কম্বল পেয়ে তারা খুব খুশি।

মেহেরপুরের আমদহ ইউপির উদ্যোগে কম্বল বিতরণ

মেহেরপুরের আমদহ ইউনিয়ন পরিষদের উদ্যোগে দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আমদাহ ইউনিয়ন পরিষদ চত্তরে এই কম্বল বিতরণ করা হয়।

এসময় আমদহ ইউনিয়ন পরিষদের সচিব মো: সাহাদত হোসেন, ইউপি সদস্য মো: দরুদ আলী, হিসাব সহকারী মো: শফিউল ইসলাম, দফাদার মো: বজলুর রহমান শান্ত ও স্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দুই শতাধিকের বেশি দরিদ্রের মাঝে এই কম্বল বিতরণ করা হয়।

মেপ্র/আরপি

শীতার্তের পাশে আমরা মেহেরপুর ভাবনা

মেহেরপুরের সেচ্ছাসেবী সংগঠন ‘ভাবনা’র উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র ও শিশুদের পোশাক বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর কমিউনিটি সেন্টার মিলনায়তনে শীতবস্ত্র ও শিশুদের মাঝে পোশাক বিতরণ করা হয়।

মেহেরপুর ভাবনার সভাপতি সোহরাব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন উপস্থিত থেকে শীতবস্ত্র ও শিশুদের পোশাক বিতরণ করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংবাদিক তৌহিদ উদ দ্দৌলা রেজা। বক্তব্য রাখেন মেহেরপুর ভাবনার রাতুল আহমেদ নুসরাত জামান শাকিল রেজা প্রমুখ।

অনুষ্ঠানের ২০০ শীতার্তের মাঝে শীতবস্ত্র সহ শিশুদের পোশাক বিতরণ করা হয়।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বৃহস্পতিবার দুপুরে এলাকার ৫০০ শীতার্ত মানুষের হাতে কম্বল তুলে দেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

বেসরকারি সংস্থা বুরো বাংলাদেশের আয়োজনে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ সাদিকুর রহমান, মোমিনপুর ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার, বুরো বাংলাদেশের পাবনা বিভাগীয় ব্যবস্থাপক সাইদুর রহমান রিপন ও কুষ্টিয়া আঞ্চলিক ব্যবস্থাপক আবুল হোসেন মিঞা।

মেপ্র/ আরপি

গাংনীতে কাম’স সিএফএইচের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

কাম ফর হিউম্যানিটি-সিএফএইচের উদ্যোগে মেহেরপুর জেলাব্যাপী শীতবস্ত্র বিতরণের উদ্বোধন করা হয়।

আজ মঙ্গলবার বেলা ২টার সময় মেহেরপুর জেলার গাংনী উপজেলার চিৎলা ফোরকানিয়া হাফেজিয়া এবতেদায়ী মাদ্রাসা ও এতিমখানার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণের মধ্যদিয়ে সিএফএইচ শীত উৎসব সিজন-২ এর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার জনাবা দিলারা রহমান।

সংগঠনের সভাপতি মামুন অর রশিদ বিজন এর সভাপতিত্বে শীতবস্ত্র বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাবেক ইউপি সদস্য শফিউর রহমান, মাদ্রাসার সভাপতি গোলাম আম্বিয়া, মাদ্রাসার শিক্ষক হারুন অর রশিদ, মো: জামান, মো: আনিচুর রহমান।

এসময় সিএফএইচের প্রতিনিধি হিসাবে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মুনেম শাহরিয়ার তুরিন, দপ্তর সম্পাদক তানভীর আহমেদ, সাংস্কৃতিক সম্পাদক শাহাবুদ্দিন সাজ্জাদ উদয়, অর্থ সম্পাদক সহরাব হোসেন, সদস্য, সবুজ খান, জারিন তাসনিম রোজা, মাহমুদা রহমান

মিম, ইরফানা তাসনুবা অদিতি, আশিকুর ইসলাম, শবনাম শোভা, জাহিদ ইসলাম, মোছা: তাম্মি প্রমুখ।

মেপ্র/ আরপি